



ইরান যুদ্ধ থামাতে সবকিছু দিতে রাজি: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চুক্তি করা তার পছন্দের বিষয় নয়, তবে যুদ্ধ বন্ধ করতে দেশটি যুক্তরাষ্ট্রকে সবকিছু দিতে রাজি বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বুধবার (৭ অক্টোবর) টেক্সাসের সান আন্তোনিওতে এক নির্বাচনী সমাবেশে সমর্থকদের উদ্দেশে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন। ট্রাম্প জানান, মধ্যপ্রাচ্যবিষয়ক বিশেষ দূত স্টিভ উইটকফ ইরানের সঙ্গে সম্ভাব্য চুক্তি নিয়ে কাজ করছেন। তার প্রশংসা করে ট্রাম্প বলেন, যুদ্ধ দ্রুত শেষ হওয়া দরকার এবং ইরান কখনো পারমাণবিক অস্ত্র পাবে না।

ইরানকে ‘ব্যর্থ রাষ্ট্র’ হিসেবে উল্লেখ করে ট্রাম্প বলেন, দেশটির এখনও কিছুটা লড়াই করার সক্ষমতা রয়েছে, তবে তা খুব বেশি নয়।

LENS ASIA